

OFFICE OF THE DISTRICT LEGAL SERVICES AUTHORITY, HOOGHLY

Notification No: 2/17/PLV

Date: 16.10.2017

হুগলি জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ-এর অধ্যক্ষ (Chairman)এর আদেশ নং- ৭৪৪, তারিখ-১৩।১০।২০১৭ মোতাবেক এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে। সকলকে অবগত করা হচ্ছে যে :-

জাতীয় আইনি পরিষেবা কর্তৃপক্ষ (National Legal Services Authority) এবং রাজ্য আইনি পরিষেবা কর্তৃপক্ষের নির্দেশ অনুসারে জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ, হুগলি তাদের আধা- আইনী স্বেচ্ছাসেবী (Para Legal Volunteer)র সংখ্যা ২৪ থেকে ১০০ তে বৃদ্ধি করতে উদ্যোগী হয়েছো। অতএব সকল ১৮ বছরের উর্ধ্বে সকল হুগলিবাসীকে জানানো হচ্ছে যে যেসকল ব্যক্তি (পুরুষ/মহিলা/তৃতীয় লিঙ্গ) সমাজের সেবার উদ্দেশ্যে কোন আর্থিক লাভের কথা না ভেবে হুগলি জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের সাথে আধা- আইনী স্বেচ্ছাসেবী (Para Legal Volunteer) হিসাবে যুক্ত হতে চান তারা হুগলি জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষ-এর দপ্তরে আবেদন করতে পারেন।

আবেদন করার যোগ্যতা :-

- ১। প্রাপ্তবয়স্ক হতে হবে।
- ২। প্রার্থীকে সেবামনস্ক হতে হবে এবং শিক্ষাগত যোগ্যতা সাক্ষর ও সার্বিক উপলব্ধি ও বিচারবোধ সম্পন্ন হতে হবে তবে দশম শ্রেণী উর্ধ্ব ও উচ্চ শিক্ষিত প্রার্থীরাই অগ্রগণ্য হবেন।
- ৩। আবেদনকারীকে অবশ্যই হুগলির স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ৪। প্রার্থী যেন কোন রাজনৈতিক দলের সদস্য বা কোন বেআইনি কার্যকলাপে লিপ্ত না হবে।
- ৫। সাজাপ্রাপ্ত বা ফৌজদারী মামলায় অভিযুক্ত হলেও প্রার্থীকে অযোগ্য হিসাবে গণ্য করা হবে।

কোন কোন ক্ষেত্র থেকে আধা- আইনী স্বেচ্ছাসেবী (Para Legal Volunteer) নির্বাচিত হতে পারেন :-

১. শিক্ষক (অবসরপ্রাপ্ত শিক্ষকও হতে পারেন)
২. অবসরপ্রাপ্ত সরকারী চাকুরীজীবী ও বর্ষিয়ান দায়িত্বশীল নাগরিক
৩. MSW ছাত্র বা শিক্ষক
৪. অঙ্গনওয়ারী কর্মী
৫. ডাক্তার
৬. ছাত্র / আইনের ছাত্র (বারে নাম নতিভুক্ত করার আগে পর্যন্ত)
৭. অরাজনৈতিক সংস্থা, ক্লাব ও পরিষেবার সাথে যুক্ত ব্যক্তি
৮. গৃহবধু স্বনির্ভরগোষ্ঠীর মহিলা
৯. সমাজসেবার মানসিকতাসম্পন্ন ব্যক্তি যে কোনো রাজনৈতিক দলের সঙ্গে যুক্ত নয়

সাম্মানিক :-

প্রতিটি আবেদনকারীকে এটা মনে রাখতেই হবে যে এটি কোন চাকুরি বা অর্থ উপাঙ্গনের মাধ্যম নয়। এখানে কোনো মাসিক বেতন বা ভাতার ব্যবস্থা নেই। যদিও একজন আধা- আইনি স্বেচ্ছাসেবী (Para Legal Volunteer)র সার্বিক যোগ্যতা, কাজের ক্ষেত্রে তার যোগদান ও অনুদান, কাজের সময়সীমা সবকিছুই বিচার করে কতৃপক্ষের দ্বারা নির্দিষ্ট পরিমাণে সাম্মানিক বা honorarium সময়ে সময়ে দেওয়া হবে।

দায়িত্ব ও কর্তব্য-

সাধারণ মানুষ এবং আইনি পরিষেবা সংস্থার মধ্যে একটি সেতু হিসাবে কাজ করাই হল একজন আইনি স্বেচ্ছাসেবী (Para Legal Volunteer)র প্রধান দায়িত্ব ও কর্তব্য যাতে আমজনতা বিচারব্যবস্থার সুফল পেতে পারে। সমাজের সর্বস্তরের মানুষ বিশেষত অসহায় মানুষ যাতে তার যথাযথ আইনি আধিকার ও আইনানুগ বাধ্যবাধকতা সম্পর্কে ওয়াকিবহাল করা হয় সেটাই দেখাই হল আধা- আইনি স্বেচ্ছাসেবীদের প্রধান কাজ। তারা তাদের নিজ নিজ ক্ষেত্রে আইনি সচেতনতা শিবির অনুষ্ঠিত করার মাধ্যমে জেলা আইনি পরিষেবা কতৃপক্ষকে সাহায্য করেছে ও জেলা আইনি পরিষেবা কতৃপক্ষের কাজ সম্প্রসারিত করেছে।

আবেদনপত্র জমা দেবার স্থান ও তারিখ-

আবেদনপত্র অবশ্যই জেলা আইনি পরিষেবা কতৃপক্ষের অফিসে “ADR Centre, Serampore, 6 T.C. Goswami Street, Pin- 712201”, ১৭ই নভেম্বর, ২০১৭ ডাকযোগে বা বিধিসম্মত নীতি-নির্দেশিকা অনুসারে জমা দিতে হবে।

আধা- আইনি স্বেচ্ছাসেবী (Para Legal Volunteer)র নির্বাচন:-

জেলা আইনি পরিষেবা কতৃপক্ষের Selection/Recruitment Committee, দ্বারা নির্বাচিত হবেন। এই নির্বাচন প্রক্রিয়া একটি Interview মাধ্যমে সম্পন্ন হবে। কোন লিখিত পরীক্ষা নেই। যদি দরখাস্তকারীর সংখ্যা অত্যাধিক বেশি হয় সেক্ষেত্রে আমরা দরখাস্তগুলি বিবেচনা করে প্রার্থীদের সংক্ষিপ্ত তালিকা প্রকাশ করতে পারি এবং তালিকাভুক্ত প্রার্থীই Interview-র জন্য ডাকা হবে। দরখাস্তগুলি কিসের ভিত্তিতে বিবেচিত হবে সেটি দরখাস্ত জমার শেষ তারিখের পরে Committee সিদ্ধান্ত নেবে। Committee হুগলির সকল ব্লক থেকে আধা- আইনি স্বেচ্ছাসেবী (Para Legal Volunteer) নির্বাচিত করার জন্য সচেষ্টি থাকবে।

Interview এর জন্য প্রার্থীদের তালিকা, সময়, তারিখ ও কেন্দ্র পরবর্তী সময়ে কতৃপক্ষের নিজেস্ব website www.dlsahooghly.org মাধ্যমে বা দূরভাষে ৩০ নভেম্বর, ২০১৭ মধ্যে জানানো হবে।

Sd/-S.Mukherjee'

Secretary
District Legal Services Authority,
Hooghly.

Paste Recent
Passport size
Photograph

- Application Format:-

To,
The Chairman,
District Legal Services Authority, Hooghly
ADR Centre, Serampore,
6 T.C. Goswami Street, Pin- 712201

মাননীয় মহাশয়,

আমি -----, লিঙ্গ(পুরুষ/মহিলা/তৃতীয় লিঙ্গ) --
-----, বয়স -----, স্বামী/পিতা -----
--, শিক্ষাগত যোগ্যতা -----, ঠিকানা -----

----- এতদ্বারা জানাতেছি যে জেলা
আইনি পরিষেবা কর্তৃপক্ষ, হুগলি মনোনিত আধা- আইনি স্বেচ্ছাসেবী (Para Legal
Volunteer) হিসাবে আইনি পরিষেবা কর্তৃপক্ষ, হুগলি সাথে যুক্ত হবার জন্য আবেদন
করছি। আমি এবিষয়ে অবগত যে এটি চাকুরি বা অর্থ উপার্জনের মাধ্যম নয়। আমি সার্বিকভাবে
কাজ করব, আমি কোন রাজনৈতিক দলের সাথে যুক্ত নই বা কোন ফৌজদারী মামলা যুক্ত নই।
আমি হুগলির স্থায়ী বাসিন্দা। আপনার নির্বাচনে আমি বাধিত থাকব।

আবেদনকারীর সাক্ষর
যোগাযোগ নং সহিত